BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/১৬৭ ০১ আগস্ট, ২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

**সূত্র ঃ** বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১, তারিখঃ ২৮ জুলাই ২০২২।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক (সিএমএসএমই ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান ও সার্ভিস সেক্টরসমূহের জন্য সর্বমোট ৩০,০০০.০০ (ত্রিশ হাজার)কোটি টাকার আর্থিক প্রণোদনার প্যাকেজ ঘোষনা করেছে।

এ প্যাকেজের আওতায় অদ্যাবধি কোন ঋণ/বিনিয়োগ সুবিধা না পাওয়া প্রতিষ্ঠানসমূহকে অগ্রাধিকারের ভিত্তিতে এবং যারা প্রথম ও দ্বিতীয় পর্যায়ে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্ত হয়নি তাদের অনুকূলে ৩য় পর্যায়ে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩১/১২/২০২১ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত /প্রদত্ত সীমার ভিত্তিতে প্রাপ্যতা সীমা নির্ধারন করার জন্য নির্দেশনা দিয়ে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলার লেটার জারী করেছে।

উল্লেখ্য, আলোচ্য প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে সম্মতিপত্র প্রদানকৃত ঋণ/বিনিয়োগসমূহের বিতরণ কার্যক্রম আগামী ৩০/০৬/২০২৩ইং তারিখের মধ্যে শেষ হবে। আপনাদেরকে উক্ত প্যাকেজের আওতায় ঋণ গ্রহণের জন্য স্ব স্ব লিয়েন ব্যাংকের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

ধন্যবাদান্তে,

০১/৮/২০২২

**মোঃ ফয়জুর রহমান**
মহাসচিব

C:\Users\BGMEA\Desktop\VZ CIRCULAR 2022 (41).doc



CamScanner

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩১

তারিখঃ ১৩ শ্রাবণ, ১৪২৯
২৮ জুলাই, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, ২৫ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ এবং ২৯ জুলাই ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আলোচ্য প্রণোদনা প্যাকেজের ৩য় ও সর্বশেষ পর্যায়ের বাস্তবায়নের লক্ষ্যে শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের (সিএমএসএমই ব্যতীত) জন্য মোট ২৭,০০০.০০ কোটি টাকা এবং বেজা, বেপজা ও বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠান ও উক্ত অঞ্চলসমূহের বাইরে অবস্থিত শতভাগ বিদেশী মালিকানাধীন/যৌথ মালিকানাধীন (দেশী ও বিদেশী) প্রতিষ্ঠানসমূহের জন্য ৩,০০০.০০ কোটি টাকা, অর্থাৎ সর্বমোট ৩০,০০০.০০ কোটি টাকা বরাদ্দ করা হলো।

৩। যে সকল প্রতিষ্ঠান প্রথম ও দ্বিতীয় পর্যায়ে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্ত হয়নি তাদের অনুকূলে ৩য় পর্যায়ে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩১/১২/২০২১ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ভিত্তিতে প্রাপ্যতা সীমা নির্ধারিত হবে।

৪। এ প্যাকেজের আওতায় অদ্যাবধি কোন ঋণ/বিনিয়োগ সুবিধা না পাওয়া প্রতিষ্ঠানসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে। যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে বিআরপিডি সার্কুলার ০৮/২০২০ এর ৫(ক) অনুচ্ছেদের আওতায় সুবিধাপ্রাপ্ত হয়েছে সে সকল প্রতিষ্ঠানকে নতুন করে ৫(খ) অনুচ্ছেদের আওতায় অন্য কোন ব্যাংক হতে প্রণোদনা সুবিধা প্রদান করা যাবে না।

৫। ৩য় মেয়াদে ঋণ/বিনিয়োগের সম্মতিপত্র প্রাপ্তির জন্য 'সংযোজনী ক-২' সহ আবেদন করতে হবে;

৬। আলোচ্য প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে সম্মতিপত্র প্রদানকৃত ঋণ/বিনিয়োগসমূহের বিতরণ কার্যক্রম আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে।

৭। এতদ্ব্যতীত, ইতোপূর্বে জারীকৃত এতদসংশ্লিষ্ট সার্কুলার/সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৮। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

CamScanner

সংযোজনী-ক ২

**বিষয়: ৩য় পর্যায়ে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এ বর্ণিত আর্থিক প্রণোদনার আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানে সম্মতি প্রদান প্রসঙ্গে।**

| ক্রম | বিবরণী | | |
|---|---|---|---|
| ০১. | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম: | | |
| ০২. | আবেদনকারী প্রতিষ্ঠানের ঠিকানা: | | |
| ০৩. | টেলিফোন নং: | | |
| ০৪. | আবেদনকারী প্রতিষ্ঠানের Tax Identification Number (TIN): | | |
| ০৫. | আবেদনকারী প্রতিষ্ঠানের BIN: | | |
| ০৬. | প্রতিষ্ঠানের প্রকৃতি (শিল্প/সেবা) (সাব-সেক্টরের নামসহ): | | |
| ০৭. | প্রতিষ্ঠান প্রতিষ্ঠার তারিখ: | | |
| ০৮. | আবেদনের তারিখ: | | |
| ০৯. | ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ (পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটি/অন্যান্য) কর্তৃক ঋণ/বিনিয়োগের মঞ্জুরী/অনুমোদন (-----তম সভা এবং সভার তারিখ): | | |
| ১০. | প্রতিষ্ঠান ব্যাংকের- (টিক চিহ্ন দিন) | ☐বিদ্যমান গ্রাহক | ☐নতুন গ্রাহক |
| ১১. | অনুমোদিত ঋণ/বিনিয়োগ সীমার পরিমাণ: | | |
| ১২. | আবেদনকারী গ্রাহক খেলাপী কী না? (ভিত্তি তারিখসহ) (হ্যাঁ/না): | | |
| ১৩. | বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে প্রযোজ্য ভিত্তি তারিখে (টিক চিহ্ন দিন) (☐৩১.১২.২০১৯/ ☐৩১.১২.২০২০/ ☐৩১.১২.২০২১) বিদ্যমান ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগের মঞ্জুরীকৃত সীমা *(ঋণ/বিনিয়োগের খাত ও পরিমাণ পৃথকভাবে উল্লেখ করতে হবে)* | | |
| | নতুন গ্রাহক এর ক্ষেত্রে ৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতার নির্ধারিত সীমাঃ | | |
| ১৪. | ইতোপূর্বে এ প্যাকেজ হতে ঋণ/বিনিয়োগ গ্রহণ করে থাকলে সংশ্লিষ্ট তথ্য (বাংলাদেশ ব্যাংকের সম্মতিপত্রের কপিসহ): | | |
| ১৫. | প্রতিষ্ঠানের বিদ্যমান কোন ঋণ পুনঃতফসিল হয়ে থাকলে ঋণওয়ারী পুনঃতফসিলের তারিখ ও ক্রম (পুনঃতফসিল পূর্ববর্তী শ্রেণীকরণের স্ট্যাটাসসহ): | | |
| ১৬. | ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগ ইতোপূর্বে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হওয়ার পর তিন বারের অধিক পুনঃতফসিল করা হয়েছে কি না: (হ্যাঁ/না) | | |
| ১৭. | অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ/বিনিয়োগ ইতোপূর্বে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হওয়ার পর তিন বারের অধিক পুনঃতফসিল করা হয়েছে কি না: (হ্যাঁ/না) | | |
| ১৮. | সর্বশেষ (বাৎসরিক/ষান্মাসিক) Regulatory Capital এর ভিত্তিতে গ্রাহকের ঋণসীমা (আলোচ্য ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণের পর) একক গ্রাহক ঋণসীমা (Single Borrower Exposure Limit) এর মধ্যে আছে কি না? (হ্যাঁ/না):<br>যদি না থাকে সেক্ষেত্রে একক গ্রাহক ঋণসীমা Regulatory Capital এর কত শতাংশ: | | |
| ১৯. | ঋণ/বিনিয়োগের বিপরীতে জামানত গ্রহণ করা হয়ে থাকলে তার বিবরণী: | | |

[বি.দ্র. আবেদনপত্রের সাথে বিআরপিডি সার্কুলার ০৮/২০২০ এর ৭(জ) অনুচ্ছেদে বর্ণিত ঋণ/বিনিয়োগ গ্রহণকারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত মঞ্জুরীপত্র, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের কপি, আবেদনকারীর অনুকূলে ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর স্বপক্ষে ব্যাংকের মতামত (বোর্ড মেমো) সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র বিশেষ সেল এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়ন করে উল্লিখিত সংযোজনী প্রেরণ করতে হবে।]

স্বাক্ষর........

নাম ও পদবীঃ .......

ফোনঃ..........

CamScanner